# ১০ (দশ) টাকা ও ১০০/-(একশত) টাকায় খোলা ব্যাংক হিসাবের মাসিক অগ্রগতি প্রতিবেদন।


*(সেপ্টেম্বর ৩০, ২০১৪ ভিত্তিক)*

বাংলাদেশ ব্যাংকের চলমান আর্থিক অন্তর্ভুক্তি (Financial Inclusion) কার্যক্রমের আওতায় বিআরপিডি সার্কুলার নং-০১/২০১০, ০৭/২০১০, ২৯/২০১০, ০৪/২০১১, ০৫/২০১১, ০৮/২০১১, ১৭/২০১২; জিবিসিএসআরডি সার্কুলার নং-০১/২০১৩, ০৩/২০১৩ এর মারফত কৃষক, অতি দরিদ্র, মুক্তিযোদ্ধা, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী, ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতা, অতি-দরিদ্র মহিলা, আইলা দুর্গত ব্যক্তি, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দুঃস্থ পুনর্বাসনের অনুদানপ্রাপ্ত ব্যক্তিবর্গের এবং ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিকদের জন্য ১০(দশ) টাকা ও ১০০(একশত) টাকা জমাকরণপূর্বক ব্যাংক হিসাব খোলার জন্য সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ এবং বিশেষায়িত ব্যাংক বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ ও বেসিক ব্যাংক লিঃ এ ১০/- টাকা এবং ১০০/-টাকা জমাকরণের মাধ্যমে উল্লেখিত খাতে ব্যাংক হিসাব খোলার কার্যক্রম অব্যাহত আছে। আর্থিক অন্তর্ভুক্তির আওতায় সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহে ১০ (দশ) টাকা ও ১০০/-(একশত) টাকায় খোলা বিভিন্ন খাতভুক্ত হিসাবসমূহের সেপ্টেম্বর ৩০, ২০১৪ ভিত্তিক মাসিক অগ্রগতির সংখ্যাচিত্র ও রেখাচিত্র নিম্নে উপস্থাপিত হলোঃ


### ছক-১ঃ কৃষকের ১০/- টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির তথ্য

| ব্যাংকের নাম | সেপ্টেম্বর  মাসে খোলা মোট হিসাব | মাসান্তে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা |
|---|---|---|
| সোনালী ব্যাংক লিঃ | ৬১ | ২,২৮০,২৪৯ |
| জনতা ব্যাংক লিঃ | ৫২০ | ১,৪৯৪,৬৮৩ |
| অগ্রনী ব্যাংক লিঃ | ৪০ | ১,৪৭৮,২৭৮ |
| রূপালী ব্যাংক লিঃ | ২১৬১ | ৫০৩,০০০ |
| বাংলাদেশ কৃষি ব্যাংক | ০ | ২,৫৩২,৫৯৬ |
| বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ | ১ | ১ |
| রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ০ | ১,৪৩০,৮৭৩ |
| বেসিক ব্যাংক লিঃ | ৯৭ | ৭৩২ |
| **মোট** | **২,৮৮০** | **৯,৭২০,৪১২** |

### সেপ্টেম্বর মাসে কৃষকের ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির চিত্র (চিত্র- ১ ও চিত্র- ২)



চিত্র-২ঃ সেপ্টেম্বর মাসান্তে মোট পুঞ্জীভূত হিসাব




**বিশ্লেষণঃ** ছক-**১** এর তথ্য অনুসারে ২০১৪ সালের সেপ্টেম্বর মাসে ছয়টি ব্যাংকে (সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ ও বেসিক ব্যাংক লিঃ) কৃষকের ১০/- টাকায় ব্যাংক হিসাব খোলা হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশী সংখ্যক হিসাব খোলা হয়েছে রূপালী ব্যাংকে (২১৬১)। সেপ্টেম্বর মাস পর্যন্ত আটটি ব্যাংকে সর্বমোট ৯,৭২০,৪১২টি (সাতানব্বই লক্ষ বিশ হাজার চারশত বার) কৃষকের ব্যাংক হিসাব খোলা হয়েছে, যেখানে আগস্ট মাসে এ হিসাবের সংখ্যা ছিল **৯,৭১৭,৫৩৩টি** (সাতানব্বই লক্ষ সতের হাজার পাঁচশত তেত্রিশ)। চলতি মাসে এ খাতে বেশী পুঞ্জীভূত হিসাব রয়েছে বাংলাদেশ কৃষি ব্যাংকে (২,৫৩২,৫৯৬)। বাংলাদেশ কৃষি ব্যাংক, ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক চলতি মাসে কৃষকের জন্য কোন হিসাব খোলেনি। উল্লেখ্য, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ এ ১০/- টাকার কৃষকের হিসাব সংখ্যা সর্বনিম্ন **১**টি এবং বেসিক ব্যাংক লিঃ এর মোট হিসাব সংখ্যা মোট ৭৩২ টি।


**ছক-২ঃ ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির তথ্য**


| ব্যাংকের নাম | সেপ্টেম্বর মাসে খোলা মোট হিসাব সংখ্যা | | | | |
|---|---|---|---|---|---|
| | সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী | মুক্তিযোদ্ধা | ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা (৳১০০/- হিসাব) | অন্যান্য ১০/- টাকার হিসাব* | মোট |
| সোনালী ব্যাংক লিঃ | ৩৬৪০ | ২১৬৮ | ০ | ১৬৩৮ | ৭৪৪৬ |
| জনতা ব্যাংক লিঃ | ৪,২২৫ | ৬০ | ৫৪ | ৪,৮৫৪ | ৯,১৯৩ |
| অগ্রনী ব্যাংক লিঃ | ৪৭ | ০ | ৮ | ৮৬ | ১৪১ |
| রূপালী ব্যাংক লিঃ | ৩৫৩ | ৭১ | ১০৭ | ৫৫৭০ | ৬১০১ |
| বাংলাদেশ কৃষি ব্যাংক | ৩৪ | ০ | ২০ | ০ | ৫৪ |
| বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ | ০ | ০ | ০ | ০ | ০ |
| রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ০ | ০ | ০ | ০ | ০ |
| বেসিক ব্যাংক লিঃ | ০ | ০ | ০ | ০ | ০ |
| **মোট** | **৮,২৯৯** | **২,২৯৯** | **১৮৯** | **১২,১৪৮** | **২২,৯৩৫** |

| ব্যাংকের নাম | মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা (সংশ্লিষ্ট মাস পর্যন্ত মোট) | | | | |
|---|---|---|---|---|---|
| | সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী | মুক্তিযোদ্ধা | ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা (৳১০০/- হিসাব) | অন্যান্য ১০/- টাকার হিসাব* | মোট |
| সোনালী ব্যাংক লিঃ | ১,৫৫৮,১৯৯ | ১৪১,৫৬৯ | ৬,২৩৩ | ৪২৩,২৫০ | ২,১২৯,২৫১ |
| জনতা ব্যাংক লিঃ | ৩৮৩,৫৩৪ | ১,২৯২ | ২,৬৮০ | ৯৮,২৩০ | ৪৮৫,৭৩৬ |
| অগ্রনী ব্যাংক লিঃ | ৩৯২,৫১০ | ১,১১৬ | ১,০৩৭ | ১২৭,৭৭৯ | ৫২২,৪৪২ |
| রূপালী ব্যাংক লিঃ | ৪০,৩৩৯ | ৩৪০ | ১,১০৯ | ১১৩,৩৫৫ | ১৫৫,১৪৩ |
| বাংলাদেশ কৃষি ব্যাংক | ৫৮৪,০১৪ | ২,৫১১ | ৫,০০১ | ৩২৭,৮৪১ | ৯১৯,৩৬৭ |
| বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ | ০ | ১ | | ০ | ১ |
| রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ২৫৪,৩৮৪ | ৮১০ | ২,০৪৮ | ১২০,২৭২ | ৩৭৭,৫১৪ |
| বেসিক ব্যাংক লিঃ | ০ | ১ | ২৩ | ৩ | ২৭ |
| **মোট** | **৩,২১২,৯৮০** | **১৪৭,৬৪০** | **১৮,১৩১** | **১,২১০,৭৩০** | **৪,৫৮৯,৪৮১** |

*(হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় সুবিধাভোগী শ্রমিক, আইলা দূর্গত ব্যক্তি, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক ইত্যাদি।)

**চিত্র-৩ ও ৪ ঃ ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির চিত্র**









**বিশ্লেষণঃ** ছক-২ এর তথ্য অনুসারে ২০১৪ সালের সেপ্টেম্বর মাসে ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে শীর্ষে রয়েছে জনতা ব্যাংক লিঃ। এ মাসে জনতা ব্যাংকে কৃষকের হিসাব ব্যতীত সকল শ্রেণীর ১০/- টাকা ও ১০০/-টাকায় মোট **৯,১৯৩** টি হিসাব খোলা হয়েছে। এর মধ্যে এ ব্যাংকে অন্যান্য সকল শ্রেণীর (হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় সুবিধাভোগী শ্রমিক, আইলা দূর্গত ব্যক্তি এবং ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক) ১০/- হিসাব খাতে সর্বোচ্চ ৪,৮৫৪টি হিসাব খোলা হয়েছে। উল্লেখ্য যে, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এবং বেসিক ব্যাংক লিঃ ২০১৪ সালের সেপ্টেম্বর মাসে ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় কোন হিসাব খুলেনি। মোট পুঞ্জীভূত হিসাবের ক্ষেত্রে সর্বোচ্চ অবস্থানে আছে সোনালী ব্যাংক লিঃ (মোট ২,১২৯,২৫১টি হিসাব)। বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ এবং বেসিক ব্যাংক লিঃ এর হিসাব সংখ্যা অন্যান্য ব্যাংকের তুলনায় সর্বনিম্ন।

## ছক-৩ঃ কৃষকের হিসাবসহ ১০/- টাকায় ও ১০০/-টাকায় হিসাব খোলার মাসিক অগ্রগতির তুলনামূলক তথ্য

| খাতের নাম | আগস্ট মাসে খোলা হিসাব | আগস্ট মাসান্তে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা | সেপ্টেম্বর মাসে খোলা হিসাব | সেপ্টেম্বর মাসান্তে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা |
|---|---|---|---|---|
| কৃষক | ১৩,০৭৩ | ৯,৭১৭,৫৩৩ | ২,৮৮০ | ৯,৭২০,৪১২ |
| সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী | ২০,৪৬৬ | ৩,২০৪,৬৮১ | ৮,২৯৯ | ৩২১২৯৮০ |
| মুক্তিযোদ্ধা | ৭৫১ | ১৪৫,৩৪১ | ২,২৯৯ | ১৪৭,৬৪০ |
| ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা (১০০/ টাকার হিসাব) | ২০২ | ১৭,৯৫২ | ১৮৯ | ১৮,১৩১ |
| অন্যান্য ১০/-টাকার হিসাব* | ৩,১৭৬ | ১,১৯৮,৫৯৭ | ১২,১৪৮ | ১,২১০,৭৩০ |
| **মোট** | **৩৭,৬৬৮** | **১৪,২৮৪,১০৪** | **২৫,৮১৫** | **১৪,৩০৯,৮৯৩** |

## ১০/- টাকায় (কৃষকের হিসাবসহ) ও ১০০/- টাকায় হিসাব খোলার মাসিক অগ্রগতির তুলনামূলক চিত্র (চিত্র-৫ ও চিত্র-৬)




**বিশ্লেষণঃ** ছক-৩ এর তথ্য অনুসারে ২০১৪ সালের আগস্ট মাসে সকল শ্রেণীতে ১০/- টাকা ও ১০০/-টাকায় মোট ৩৭,৬৬৮টি হিসাব খোলা হয়েছিল। অন্যদিকে, সেপ্টেম্বর মাসে এ হিসাব সংখ্যা ১১,৮৫৩(৩৭,৬৬৮-২৫,৮১৫)টি হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ২৫,৮১৫টি। চিত্র-৫ ও ৬ অনুযায়ী সেপ্টেম্বর মাসান্তে ব্যাংকগুলোতে কৃষকের আওতায় খোলা হিসাবের খাতের অবস্থান পূর্ববর্তী আগষ্ট মাসের তুলনায় অপরিবর্তিত রয়েছে(৬৮%)। অন্যদিকে, সেপ্টেম্বর মাসান্তে ব্যাংকগুলোতে সকল শ্রেণীতে সর্বমোট ১৪,৩০৯,৮৯৩(এক কোটি তেতাল্লিশ লক্ষ নয় হাজার আটশত তিরানব্বই) টি ১০/- টাকায় ও ১০০/-টাকায় হিসাব খোলা হয়েছে। এর মধ্যে কৃষকের হিসাব সংখ্যা সর্বোচ্চ শতকরা ৬৮%, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় খোলা ভাতাভোগীদের হিসাবের সংখ্যা শতকরা ২২%, মুক্তিযোদ্ধা খাতের আওতায় ১% এবং অন্যান্য ১০/- টাকার হিসাব শতকরা ৯%(চিত্রঃ ৬)।

--------o---------